

ঢেউ

আমার সন্দেহ থেকে জেগে ওঠে গুচ কাপালিক।
রত্ত সমুদ্রের পারে তালসারি আর তীব্র বাঘের গর্জনে
সে আমার প্রতিধ্বনি - ঘোরাফেরা করে
কাকে যেন খোঁজে আতিপাতি, ভুল তথ্য, ধূপ মোমবাতি
ফিরে আসে সমুদ্রের ঢেউয়ে ঢেউয়ে
ঢেউয়ের আঘাতে।
মেয়েটি এসব কথা জানে না কখনো
সন্ধ্যা দেয়, রান্নাঘরে ঝাড়-পোছ করে
মাটির দাওয়ার বসে হ্যারিকেন আলোর ভিতরে
সন্তানের জন্য বুক খুলে দেয়।
হঠাৎ দূরের থেকে ভেসে আসে
রত্ত কাঁপানো হাহাকার
হাহাকার কিছু খোঁজে তন্ন তন্ন করে।
কিছুই জানে না ওই সিন্ত ম্লান গৃহবধু
আর তার দুধের ভিতর শুয়ে থাকা নিরীহ সন্তান।

প্রবীর ভৌমিক

